

শাওন রাতে যদি স্মরণে আসে মোরে  
বাহিরে ঝর বহে নয়নে বারি ঝরে।  
ভুলিও স্মৃতি মম, নিশীথ স্বপ্ন সম,  
আঁচলের গাঁথা মালা ফেলিও পথ পরে ॥  
ঝুরিবে পূবালী বায় গহন দূর বনে,  
রহিবে চাহি তুমি একেলা বাতায়নে!  
বিরহী কুহু-কেকা গাহিবে নীপ-শাখে  
যমুনা-নদী পারে শুনবে কে যেন ডাকে।  
বিজলী দীপ-শিখা খুঁজিবে তোমায় প্রিয়া  
দু হাতে ঢেকো আঁখি যদি গো জলে ভরে ॥